# এইচ এস সি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

বিষয় কোড | ১ | ০ | ৯ |

## বিষয় ঃ অর্থনীতি ১ম পত্র (সৃজনশীল)

**সময় ঃ ২ ঘন্টা ৩০ মিনিট** **পূর্ণমান—৭০**

[ দ্রষ্টব্য ঃ দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো ৭টি প্রশ্নের উত্তর দাও ]

১. একজন ভোক্তা X ও Y দুটি দ্রব্যের (০, ১১০), (৫০, ১০০), (৭৫, ৮৫), (১০০, ৬০), (১১০, ০) সংমিশ্রণ ভোগ করে।

ক. উৎপাদন সম্ভাবনা রেখা কি? ১

খ. অর্থনীতিতে "অসীম অভাব" এ কথাটি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপক হতে উৎপাদন সম্ভাবনা রেখা অঙ্কন কর। ৩

ঘ. উদ্দীপটিতে কী ধরনের সুযোগ ব্যয় নির্দেশিত হয় এবং ভোক্তা (১২০, ১৩০) সংমিশ্রণটি ভোগ করতে পারবে কি? তোমার স্বপক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪

২. নিম্নে একটি চাহিদা সূচি দেয়া হলো ঃ

| দাম (P) | চাহিদার পরিমাণ (Q) |
|---|---|
| 50 | 50 |
| 60 | 30 |

ক. চাহিদা কি? ১

খ. "আয়ের পরিবর্তনে চাহিদার পরিবর্তন হয়"-ব্যাখ্যা কর। ২

গ. উপরোক্ত সূচি থেকে চাহিদা রেখা অঙ্কন কর। ৩

ঘ. স্থিতিস্থাপকতার নির্ণয় করে দ্রব্যটির প্রকৃতি ব্যাখ্যা কর। ৪

৩. বিভিন্ন দামে কলমের চাহিদা ও যোগান নিম্নরূপ–

| দাম (P) | চাহিদা (Q) | যোগান (S) |
|---|---|---|
| ১০ টাকা | ১৫ একক | ৫ একক |
| ২০ টাকা | ১০ একক | ১০ একক |
| ৩০ টাকা | ৫ একক | ১৫ একক |

ক. পরিবর্তক দ্রব্য কী? ১


খ. চিনির দাম বৃদ্ধিতে গুড়ের চাহিদার পরিবর্তন কিরূপ? ২

গ. উপরের ছকের আলোকে ভারসাম্য দাম ও পরিমাণ চিত্রসহ ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের দাম স্থির থেকে যোগান যথাক্রমে ১০, ১৫ ও ২০ একক হলে ভারসাম্যের উপর কী প্রভাব পড়ে? ৪

http://teachingbd.com

৪. নিচের চিত্রটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও ঃ





ক. মাত্রাগত উৎপাদন কি? ১

খ. মোট উৎপাদন ও গড় উৎপাদনের মধ্যে দুটি পার্থক্য লিখ। ২

গ. উদ্দীপকের কোন ধরনের মাত্রাগত উৎপাদন প্রকাশ করা হয়েছে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত মাত্রাগত উৎপাদন ছাড়া উৎপাদন ক্ষেত্রে অন্য কি ধরনের উৎপাদন মাত্রা লক্ষ্য করা যায় চিত্রসহ ব্যাখ্যা কর। ৪

৫. নিচের চিত্রটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও ঃ




Teachingbd.com

ক. স্থির ব্যয় কী? ১

খ. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে ফার্মের গড় আয় রেখা আনুভূমিক কেন? ২

গ. উদ্দীপক হতে ভারসাম্য উৎপাদন, ভারসাম্য দাম কত এবং এক্ষেত্রে ফার্মের মুনাফা আছে কি? থাকলে কত? ৩

ঘ. উদ্দীপকে AC রেখাটি যদি e বিন্দুকে স্পর্শ করে তাহলে ফার্মের মুনাফা পরিস্থিতি ব্যাখ্যা কর। ৪

৬. শরীফ সাহেব ও আরিফ সাহেব দুই ভাই। শরীফ সাহেব একটি ভালো কোম্পানিতে চাকরি করেন। মাসে বেতন পান ৩০ হাজার টাকা। এছাড়াও বাড়িভাড়া বাবদ মাসে ৮ হাজার টাকা এবং ওষুধপত্র, যানবাহন, বিদ্যুৎ খরচ ও ভ্রমণ ইত্যাদি খরচ কোম্পানি থেকে পান। অন্যদিকে আরিফ সাহেব একটি প্লাস্টিক কারখানায় চাকরি করেন। তিনি মাসে বেতন পান ৩৮ হাজার টাকা। মাসিক বেতন ব্যতীত তিনি অন্য কোন সুযোগ সুবিধা পান না।

ক. অর্থনীতিতে শ্রম কী? ১

খ. একই পেশায় মজুরি বিভিন্ন হয় কেন? ২

গ. উদ্দীপকের আলোকে প্রকৃত মজুরি ধারণাটি ব্যাখ্যা কর। ৩

ঘ. দুই ভাইয়ের মধ্যে যে কর্মের প্রতি অধিক উৎসাহী বলে তুমি মনে কর। তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৭. শিল্পি বেগম বিশ্ববিদ্যালয় শেষ করে চাকরির পিছনে না ছুটে একটি বুটিক কারখানা প্রতিষ্ঠা করেন। তার কারখানায় ৭ জন শ্রমিক কাজ করেন। তিনি একাই ব্যবসায় উপকরণ সংগ্রহ করেন এবং ব্যবস্থাপনার দায়িত্ব পালন করেন। প্রথম বছর ৩ লক্ষ টাকা মুনাফা হতে তিনি তার ব্যবসায়কে আরো সম্প্রসারিত করেন। এ ব্যবসায় ঝুঁকি তাকে এককভাবে বহন করতে হয়।

ক. অংশীদারি কারবার কী? ১

খ. উদ্যোক্তা বলতে কি বুঝ? ২

গ. শিল্পি বেগমের কারবার কোন মালিকানাধীন ব্যবসায় প্রতিষ্ঠান? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত ব্যবসায় প্রতিষ্ঠানের কোন কোন দিকটি তোমার নিকট অধিক পছন্দ?-যুক্তি দাও। ৪

৮. আক্কাস আলী ও আইয়ুব আলী জাল ও নৌকা দিয়ে ধলেশ্বরী নদীতে মাছ ধরে। হঠাৎ নদীতে প্রচুর মাছ ধরা পড়ায় জাল ও নৌকার চাহিদা অনেক বেড়ে যায়। আক্কাস আলী ও আইয়ুব আলী চেয়েছিলো নতুন জাল ও নৌকা কিনবে। তা এ স্বল্প সময়ে সম্ভব হয়নি। তাই তাদের কাছে যেসব জাল ও নৌকা ছিল সেগুলো দিয়ে মাছ ধরে অনেক আয় করা সম্ভব হয়।

ক. অনুপার্জিত আয় কী? ১

খ. নিট খাজনা কী খাজনার অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ২

গ. জাল ও নৌকার ক্ষেত্রে কী ধরনের খাজনার উদ্ভব হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দীর্ঘমেয়াদে জাল ও নৌকা থেকে অতিরিক্ত আয় করা সম্ভব হবে কী? বিশ্লেষণ কর। ৪

৯. রহিম সাহেব এমন একটি ব্যাংকে চাকরি করেন যা দেশের সকল আর্থিক প্রতিষ্ঠানগুলো নিয়ন্ত্রণ, দেশের মুদ্রা প্রচলন এবং সরকারের পরামর্শদাতা হিসেবে কাজ করে। ঋণ নিয়ন্ত্রণেও ব্যাংকটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ঋণ নিয়ন্ত্রণের ক্ষেত্রে ব্যাংকটি-ব্যাংক হারের পরিবর্তন, খোলাবাজার নীতি ও নগদ জমার অনুপাতের পরিবর্তন ইত্যাদি পদ্ধতি ব্যবহার করে থাকে।

ক. মোবাইল ব্যাংকিং কী? ১

খ. দ্রব্যমূল্য ও অর্থের মূল্যের মধ্যে সম্পর্ক কিরূপ? ২

গ. উদ্দীপকের আলোকে ঋণ নিয়ন্ত্রণের পদ্ধতিগুলো ব্যাখ্যা কর। ৩

ঘ. মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে উদ্দীপকের উল্লেখিত পদ্ধতিগুলোর কার্যকারিতা বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

১০. নিচের উদ্দীপকটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও ঃ

| দ্রব্যের দাম (টাকা) | চাহিদার পরিমাণ (একক) | যোগানের পরিমাণ (একক) |
|---|---|---|
| ৮ | ৩০০ | ৭০০ |
| ৫ | ৫০০ | ৫০০ |
| ৩ | ৮০০ | ৩০০ |

ক. চাহিদা বিধি কী? ১

খ. দাম অপরিবর্তিত অবস্থায় ভোক্তার আয় বাড়লে চাহিদা বিধির ওপর কী প্রভাব পড়বে? ২

গ. সূচির আলোকে ভারসাম্য দাম ও পরিমাণ চিত্রে দেখাও। ৩

ঘ. উদ্দীপকে যোগান অপরিবর্তিত অবস্থায় প্রতিটি দামের ক্ষেত্রে চাহিদার পরিমাণ ১০০ একক করে বাড়লে ভারসাম্য অবস্থায় কী পরিবর্তন ঘটবে? ব্যাখ্যা কর। ৪

১১. নিচের উদ্দীপকটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও ঃ

| উৎপাদন (Q) একক | মোট ব্যয় (TC) |
|---|---|
| ১ | ৫ |
| ২ | ৮ |
| ৩ | ৯ |
| ৪ | ১২ |
| ৫ | ২০ |

ক. পরিবর্তনশীল ব্যয় কী? ১

খ. দীর্ঘকালে কোন ধরনের ব্যয় বিরাজমান? ব্যাখ্যা কর। ২

গ. প্রদত্ত সূচি থেকে প্রান্তিক ব্যয় (MC) ব্যাখ্যা কর। ৩

ঘ. উৎপাদনের সকল স্তরে কি গড় ব্যয় (AC) ও প্রান্তিক ব্যয় (MC) সমান থাকে? সূচির আলোকে যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

Teachingbd.com

# বিষয় ঃ অর্থনীতি ১ম পত্র (বহুনির্বাচনি)

**সময় ঃ ৩০ মিনিট** **পূর্ণমান—৩০**

**[ বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]**

১. কোন অর্থনীতিবিদ সর্বপ্রথম ব্যষ্টিক ও সামষ্টিক শব্দ দুটি ব্যবহার করেন?
ⓚ এ্যাডাম স্মিথ
ⓛ রাগনার ফ্রিশ
ⓜ এল. রবিন্স
ⓝ অধ্যাপক মার্শাল

২. কোন দ্রব্যের অভাব মেটানোর ক্ষমতাকে কী বলে?
ⓚ ভোগ ⓛ চাহিদা ⓜ উপযোগ ⓝ যোগান

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও ঃ**

| দাম (P) টাকা | চাহিদা (D) পরিমাণ | যোগানের পরিমাণ (Q) |
|---|---|---|
| ১ | ৮ | ৪ |
| ২ | ৬ | ৬ |
| ৩ | ৪ | ৮ |
| ৪ | ২ | ১২ |

৩. উদ্দীপকটিতে ভারসাম্য পরিমাণ কত একক?
ⓚ ৮ ⓛ ৬ ⓜ ৪ ⓝ ২

৪. উদ্দীপকে উল্লেখিত কোন দামের বাজারে দ্রব্যের উদ্বৃত্ত ১০ একক হবে?
ⓚ ৪ টাকা ⓛ ৩ টাকা ⓜ ২ টাকা ⓝ ১ টাকা

**নিচের উদ্দীপকের আলোকে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও ঃ**


| শ্রম নিয়োগ | মোট উৎপাদন | প্রান্তিক উৎপাদন |
|---|---|---|
| ১ জন | ১০ একক | ১০ একক |
| ২ জন | ১৫ একক | ☐ একক |
| ৩ জন | ☐ একক | ৩ একক |

৫. উদ্দীপকে খালিঘর দুটিতে মোট উৎপাদন ও প্রান্তিক উৎপাদন কত হবে?
ⓚ ১৬, ৮ ⓛ ১৮, ৫ ⓜ ১৯, ৪ ⓝ ২০,৩

৬. উদ্দীপক অনুযায়ী—
i. মোট উৎপাদন ক্রমহ্রাসমান হারে বৃদ্ধি পায়
ii. গড় উৎপাদন স্থির থাকে
iii. প্রান্তিক উৎপাদন ক্রমহ্রাসমান হারে হ্রাস পায়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ ii ও iii ⓜ i ও iii ⓝ i, ii ও iii

৭. ভোক্তা সম্রাট বলে বিবেচিত কোন অর্থব্যবস্থা?
ⓚ ধনতান্ত্রিক ⓛ নির্দেশমূলক
ⓜ মিশ্র ⓝ ইসলামি


**নিচের উদ্দীপকটি লক্ষ্য কর এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও ঃ**




৮. উদ্দীপকে গড় খরচের পরিমাণ কত টাকা?
ⓚ ৯ ⓛ ১২ ⓜ ১৩ ⓝ ১৮

৯. উদ্দীপকে মুনাফার পরিমাণ কত টাকা?
ⓚ ১২ ⓛ ৩৯ ⓜ ১১৭ ⓝ ১৫৬


**নিচের উদ্দীপকটি লক্ষ্য কর এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও ঃ**




১০. শ্রমবাজারের ভারসাম্য মজুরির পরিমাণ কত টাকা?
ⓚ 10,000 ⓛ 20,000 ⓜ 30,000 ⓝ 40,000

১১. 10,000 টাকা ও 30,000 টাকা মজুরিতে যথাক্রমে কী পরিমাণ শ্রমিক বেকার ও কী পরিমাণ শ্রমিকের অতিরিক্ত চাহিদা থাকবে?
ⓚ 10 ও 20 ⓛ 20 ও 30 ⓜ 30 ও 40 ⓝ 60 ও 60

**নিচের উদ্দীপকটি লক্ষ্য কর এবং ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও ঃ**




১২. উদ্দীপকে গমের উৎপাদন শূন্য হলে ধানের উৎপাদন কত হবে?
ⓚ 0 ⓛ 18 ⓜ 60 ⓝ 90

১৩. চিত্রে E বিন্দুতে নির্দেশ করে?
i. অপূর্ণ নিয়োগ ii. সম্পদের অদক্ষ ব্যবহার
iii. অ-অর্জনযোগ্য অঞ্চল
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ ii ও iii ⓜ i ও iii ⓝ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও ঃ**

"প্রত্যেক দেশেই একটি কেন্দ্রীয় ব্যাংক এবং একাধিক বাণিজ্যিক ব্যাংক রয়েছে। সেরূপ যুক্তরাষ্ট্রের ফেডারেল রিজার্ভ সিস্টেম, ইংল্যান্ডে ব্যাংক অব ইংল্যান্ড, ভারতে রিজার্ভ ব্যাংক অব ইন্ডিয়া হলো কেন্দ্রীয় ব্যাংক এবং ইংল্যান্ডের 'দি মিডল্যান্ড' 'দি ওয়েস্ট মিনিস্টার' লয়েডস হলো বাণিজ্যিক ব্যাংক।

১৪. ফেডারেল রিজার্ভ সিস্টেম এবং বাংলাদেশ ব্যাংক নিম্নের কোন কাজটি সম্পাদন করে?
ⓚ আমানত গ্রহণ ⓛ ঋণ আমানত সৃষ্টি
ⓜ বিনিময় বিল বাট্টাকরণ ⓝ বিনিময় নিয়ন্ত্রণ

teachingbd.com

১৫. 'দি মিডল্যান্ড' এবং বাংলাদেশের IFIC ব্যাংক কোন কাজটি দুটি ব্যাংকই সম্পাদন করে?
ⓚ মুদ্রামান সংরক্ষণ ⓚ বিনিময় নিয়ন্ত্রণ
ⓖ ঋণ আমানত সৃষ্টি ⓖ আর্থিক নীতি বাস্তবায়ন

১৬. প্রকৃত মজুরির উপাদান হলো-
i. আর্থিক মজুরি ii. অর্থের ক্রয়ক্ষমতা iii. সামাজিক মর্যাদা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii ⓖ iii ⓖ i, ii ও ii

১৭. "কোন কাজের প্রতি আকর্ষণ তার আর্থিক উপার্জনের উপর নির্ভর করে না, বরং তার প্রাপ্ত প্রকৃত সুযোগ সুবিধার ওপর নির্ভর করে"- সংজ্ঞাটি কার?
ⓚ এ্যাডাম স্মিথ ⓚ অধ্যাপক মার্শাল
ⓖ রবিনসন ⓖ জর্জ স্টিগলার

১৮. খাজনার বহুল প্রচারিত তত্ত্বটির প্রবক্তা কে?
ⓚ ডেভিড রিকার্ডো ⓚ অধ্যাপক মার্শাল
ⓖ টমাস ম্যালথাস ⓖ স্যামুয়েলসন

১৯. প্রাইভেট লিমিটেড কোম্পানির সদস্য সংখ্যা কতজন?
ⓚ ২-৫০ জন ⓚ ৭-১০০ জন
ⓖ ২-১০০ জন ⓖ ৭ জন হতে অসংখ্য

২০. জনাব রমিজ একজন ব্যবসায়ী। তিনি অল্পদিনেই অনেক টাকার মালিক হয়েছেন। একদিন তিনি একটি গাড়ি কেনার স্বপ্ন দেখছেন। জনাব রমিজের গাড়ি কেনার স্বপ্ন চাহিদার তিনটি শর্ত পূরণ করে। যেগুলোর একটি হলো-
ⓚ সামঞ্জস্য ⓚ পরিবেশ ⓖ সামর্থ্য ⓖ কোনটিই নয়

২১. মূলধন গঠনের মূল উৎস কী?
ⓚ ঋণ ⓚ সঞ্চয় ⓖ ভোগ ⓖ বিনিয়োগ

২২. একচেটিয়া বাজারের বৈশিষ্ট্য হলো-
i. একজন মাত্র ক্রেতা থাকে
ii. একজন মাত্র বিক্রেতা থাকে
iii. অসংখ্য ক্রেতা থাকে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii


২৩. প্রতিযোগিতামূলক বাজারে-
i. MR=AR ii. MR > P iii. P=AR=MR
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

২৪. CDP এর পূর্ণরূপ কী?
ⓚ Gress Domestic Product
ⓚ Gross Depreciation Product
ⓖ Gross Domestic Product
ⓖ Gross Dominative Product

২৫. শ্রমের মালিক কে?
ⓚ সংগঠক ⓚ শিল্পপতি ⓖ ভূস্বামী ⓖ শ্রমিক

২৬. যৌথ মূলধনী কারবারের বৈশিষ্ট্য হলো-
i. সীমাবদ্ধ দায়
ii. আইনের দ্বারা সৃষ্ট ও চিরন্তন অস্তিত্ব
iii. মালিকানা থেকে ব্যবস্থাপনা পৃথকীকরণ
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

২৭. Qd = a – bP সমীকরণের চিত্ররূপ কোনটি?




(ক) (খ) (গ) (ঘ)

২৮. অর্থনীতিতে "নির্বাচন" বলতে বোঝায়-
i. অভাবের গুরুত্ব নির্ধারণ
ii. দ্রব্যের প্রকৃতি নির্ধারণ
iii. উৎপাদন কৌশল নির্ধারণ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ i ও ii ⓖ ii ⓖ ii ও iii

২৯. স্বংক্রিয় দাম ব্যবস্থার ভিত্তি কি?
ⓚ সম্পদের সুষ্ঠ ব্যবহার ⓚ শ্রেণি সংঘাত
ⓖ অবাধ প্রতিযোগিতা ⓖ উদ্যোগের স্বাধীনতা

৩০. উৎপাদনের সক্রিয় উপকরণ কোনটি?
ⓚ ভূমি ⓚ শ্রম ⓖ মূলধন ⓖ সংগঠন

Teachingbd.com